

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ আগস্ট' ২০২৩ খ্রি.

### বিশ্ব মশা দিবসে র্যালি ও প্রচার অভিযান চালালো চসিক

বিশ্ব মশা দিবস উপলক্ষে ডেঙ্গু মশা সম্পর্কে জনসচেতনতা বাড়াতে র্যালি ও প্রচার অভিযান চালিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। দিবসটি উপলক্ষে রোববার সকালে নগরীর চাঁদগাঁও বি ট্লক মসজিদের সামনে থেকে শুরু হওয়া একটি র্যালি এলাকা প্রদক্ষিণ করে। এরপর নগরীর ৬নং পূর্ব মৌলশহর ওয়ার্ড কার্যালয় থেকে আরেকটি র্যালি বের হয়। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সহায়তায় এই র্যালি ও প্রচার অভিযানের উদ্দেশ্য ছিল মশা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি।

র্যালির পর সংক্ষিপ্ত সমাবেশে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, আমি মেয়র হিসেবে দায়িত্ব নেয়ার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সমন্বয়ে একটি গবেষণাদল গঠন করি। উনাদের বিজ্ঞানভিত্তিক পরামর্শের আলোকে বর্তমানে সর্বাধুনিক মশার ঔষুধ ছেটানো হচ্ছে। তবে, সরকারি উদ্যোগের পাশাপাশি মশা নিয়ন্ত্রণে চাই জনসচেতনতা। কেবল ঔষুধ ছিটিয়ে মশা নিয়ন্ত্রণ সম্ভবনা, যদিনা আমরা নিজেদের বাড়ি ও নির্মাণাধীন ভবনে জমে থাকা পানি অপসারণ না করি। বিশেষ করে সম্প্রতি ব্যাপক বৃষ্টিতে অনেকের ভবনের আভারহাউস ও ছাদের বিভিন্ন অংশে পানি জমেছে। নাগরিকদের প্রতি আহবান যাতে তারা এই জমে থাকা পানি অপসারণের মাধ্যমে মশার প্রজননের সুযোগ করান।

সমাবেশের পর মেয়র এলাকাবাসীর হাতে জনসচেতনামূলক লিফলেট তুলে দেন, তদারিক করেন মশা নির্ধন কার্যক্রম। সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারী আবদুল জব্বারের সঞ্চালনায় র্যালিতে অংশ নেন কাউন্সিলর এম আশরাফুল আলম, এসরারুল হক এসরাল, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিটের ভাইস চেয়ারম্যান মোঃ আলমগীর পারভেজ, মেয়রের একান্ত সচিব আবুল হাশেমসহ রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবক ও চসিকের পরিচ্ছন্ন বিভাগের কর্মীরা।

বিশ্বের সবচেয়ে প্রাণঘাতী প্রাণী মশা সম্পর্কে জনসাধারণকে সতর্ক করতে প্রতি বছর ২০ আগস্ট বিশ্ব মশা দিবস পালন করা হয়। ১৮৯৭ সালের এই দিনে অ্যানোফিলিস মশাবাহিত ম্যালোরিয়া রোগের কারণ আবিষ্কার করেছিলেন চিকিৎসক রোনাল্ড রস। পরবর্তীতে এই আবিষ্কারের জন্য নোবেল পুরস্কারে ভূষিত হন তিনি। ব্রিটিশ চিকিৎসক রোনাল্ড রসকে সম্মান জানাতে ১৯৩০ সালে দিবসটি পালনের সূচনা করেছিল যুক্তরাজ্যের লন্ডন স্কুল অব হাইজিন অ্যান্ড ট্রিপিক্যাল মেডিসিন।

### রেড ক্রিসেন্টের ডেঙ্গু পরীক্ষা কীট ও মশারী

চসিক মেডিকেল ইনচার্জের প্রদান করেন-ডাঃ সেলিম আকতার চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থাও কাজ করে যাচ্ছে। তন্মধ্যে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি অন্যতম। সম্প্রতি রেডক্রিসেন্ট কর্তৃক ৫ হাজার ডেঙ্গু পরীক্ষা কীট ও শৈতান মেডিকেটেড মশারী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর প্রদান করে। উক্ত কীট ও মশারী আজ রোববার চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট মেডিকেল অফিসার ইনচার্জ ও জোনাল মেডিকেল অফিসারকে প্রদান করেন। এতে উপস্থিত ছিলেন মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, ডাঃ ইফফাত জাহান (রাখী), জোনাল মেডিকেল অফিসার ডাঃ হাসান মুরাদ চৌধুরী, প্রজেক্ট ম্যানেজার-২ ডাঃ মুজিবুল আলম চৌধুরী, মেডিকেল স্টেটোর কিপার মাসুদ উল করিম, ল্যাব টেশনিশিয়ান আশীর বর্দ্ধন প্রমুখ। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, চসিক স্বাস্থ্য বিভাগ সিটি মেয়রের নির্দেশনা অনুযায়ী বিনামূল্যে ১৮২৪ জন রোগীকে ডেঙ্গু পরীক্ষা করা হয় এবং এই কার্যক্রম অব্যাহত থাকবে। এখন প্রতি ঘরে ঘরে জ্বর সর্দি কাশি বৃদ্ধি পেয়েছে এবং প্রতিদিন ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। এতে আতঙ্কিত না হয়ে সচেতন হয়ে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতাল থেকে চিকিৎসা গ্রহণ সহ চিকিৎসাসেবার বিষয়ে ডেঙ্গুরোগ প্রতিরোধে গঠিত “কন্ট্রোল রংমে”র সাথে যোগাযোগ করার জন্য নগরবাসীর প্রতি আহবান জানান তিনি।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮